# ঢাকা বিশ্ববিদ্যালয়

১৪-১২-২০২৪ তারিখ শনিবার শহিদ বুদ্ধিজীবী দিবস এবং ১৬-১২-২০২৪ তারিখ সোমবার মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষে কর্মসূচি প্রণয়নের উদ্দেশ্যে ০৭ ডিসেম্বর ২০২৪ তারিখ শনিবার সকাল ১০:০০ টায় ভার্চুয়াল প্লাটফর্ম জুম-এর মাধ্যমে মাননীয় উপাচার্যের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার প্রারম্ভে মহান স্বাধীনতা যুদ্ধে নিহত শহিদ বুদ্ধিজীবী ও অন্যান্য শহিদদের আত্মার প্রতি শ্রদ্ধা জানানোর নিমিত্তে দাঁড়িয়ে ০১(এক) মিনিট নিরবতা পালন করা হয়।

## সভার কার্যবিবরণী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ও সিন্ডিকেটের সদস্যবৃন্দ, অনুষদসমূহের ডিন, হল ও হোস্টেলসমূহের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, প্রক্টর, বিভাগীয় চেয়ারম্যান, ইনস্টিটিউটের পরিচালক, অফিস প্রধান, বিশ্ববিদ্যালয়ের সমিতিসমূহ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় মুক্তিযোদ্ধা প্রাতিষ্ঠানিক ইউনিট কমান্ড-এর যৌথ উদ্যোগে আগামী ১৪-১২-২০২৪ তারিখ শনিবার শহিদ বুদ্ধিজীবী দিবস এবং ১৬-১২-২০২৪ তারিখ সোমবার মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষে নিম্নলিখিত কর্মসূচি গ্রহণ করা হোক :

### ক. শহিদ বুদ্ধিজীবী দিবসের কর্মসূচি

| ১৪-১২-২০২৪ তারিখ শনিবার | | |
|---|---|---|
| ১. | সকাল ৬:২০ | উপাচার্য ভবনসহ সকল হল ও বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ ভবনসমূহে কালো পতাকা উত্তোলন করা হবে। উপাচার্য ভবনসহ অন্যান্য ভবনে এস্টেট ম্যানেজার এবং হল ও হোস্টেলসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট হল ও হোস্টেলের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন পতাকা উত্তোলনের ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ২. | সকাল ৬:৩০ | অপরাজেয় বাংলার পাদদেশে জমায়েত। |
| ৩. | সকাল ৬:৩৫ | মাননীয় উপাচার্যের নেতৃত্বে মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন), মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা), মাননীয় কোষাধ্যক্ষ, রেজিস্ট্রারসহ সিনেট ও সিন্ডিকেটের সদস্যবৃন্দ, সকল অনুষদের ডিন, হল ও হোস্টেলসমূহের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, প্রক্টর, বিভাগীয় চেয়ারম্যান ও ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, অফিস প্রধানবৃন্দ, সম্মানিত সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা এবং কর্মচারী অপরাজেয় বাংলার পাদদেশ হতে পর্যায়ক্রমে কেন্দ্রীয় মসজিদ প্রাঙ্গণের কবরস্থান এবং জগন্নাথ হল প্রাঙ্গণ, শহিদ মিনার, উত্তর ফুলার রোড, ঈশাখান রোড, দক্ষিণ ফুলার রোড, শহিদ বুদ্ধিজীবী স্মৃতিফলক (স্মৃতি চিরন্তন), আইইআর-এ পুষ্পস্তবক অর্পণ করার পর মিরপুর বুদ্ধিজীবী স্মৃতিসৌধ ও রায়ের বাজার বধ্যভূমিতে পুষ্পস্তবক অর্পণের উদ্দেশ্যে যাত্রা। হল ও হোস্টেলসমূহের পক্ষ হতে পুষ্পস্তবক অর্পণ করবেন স্ব স্ব হল প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন। পুষ্পস্তবক অর্পণের কেন্দ্রীয় ব্যানার তৈরি করবেন প্রধান প্রকৌশলী। |
| ৪. | সকাল ১১:১৫ | ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভা। আলোচনা সভায় সভাপতিত্ব করবেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন), মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) এবং মাননীয় কোষাধ্যক্ষ সভায় সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। সকল সমিতিকে এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে আলোচনা সভায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হলো। আলোচনা সভার মঞ্চের ব্যানার তৈরি করবেন পরিচালক, ছাত্র-শিক্ষক কেন্দ্র। |
| ৫. | বাদ জোহর | ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদসহ সকল হল মসজিদ ও অন্যান্য উপাসনালয়ে শহিদ বুদ্ধিজীবীদের আত্মার মাগফেরাত এবং শান্তি কামনায় দোয়া / প্রার্থনা। উপসনালয়সমূহে প্রার্থনার বিষয়টি সমন্বয় করবেন জগন্নাথ হলের প্রভোস্ট। |

### খ. মহান বিজয় দিবসের কর্মসূচি

| ১৬-১২-২০২৪ তারিখ সোমবার | | |
|---|---|---|
| ১. | সকাল ৬:২০ | উপাচার্য ভবনসহ সকল হল ও বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। উপাচার্য ভবনসহ অন্যান্য ভবনে এস্টেট ম্যানেজার এবং হল ও হোস্টেলসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট হল ও হোস্টেলের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন পতাকা উত্তোলনের ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ২. | সকাল ৬:৩০ | সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের উদ্দেশ্যে স্মৃতি চিরন্তন চত্বরে জমায়েত। |
| ৩. | সকাল ৬:৩৫ | মাননীয় উপাচার্যের নেতৃত্বে মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন), মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা), মাননীয় কোষাধ্যক্ষ, রেজিস্ট্রারসহ সিনেট ও সিন্ডিকেটের সদস্যবৃন্দ, সকল অনুষদের ডিন, হল ও হোস্টেলসমূহের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, প্রক্টর, বিভাগীয় চেয়ারম্যান ও ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, অফিস প্রধানবৃন্দ, সম্মানিত সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা এবং কর্মচারীদের স্মৃতি চিরন্তন চত্বর হতে সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধের উদ্দেশ্যে যাত্রা। পুষ্পস্তবক অর্পণের কেন্দ্রীয় ব্যানার তৈরি করবেন প্রধান প্রকৌশলী। |
| ৪. | বাদ জোহর | ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদসহ সকল হল মসজিদ ও অন্যান্য উপসনালয়ে শহীদদের আত্মার মাগফেরাত ও শান্তি কামনা এবং দেশের সমৃদ্ধি ও উন্নতির জন্য দোয়া / প্রার্থনা। উপসনালয়সমূহে প্রার্থনার বিষয়টি সমন্বয় করবেন জগন্নাথ হলের প্রভোস্ট। |
| ৫. | সন্ধ্যা ৫:৪৫ | মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষে ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে সংগীত বিভাগ, থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ এবং নৃত্যকলা বিভাগের যৌথ আয়োজনে "সাংস্কৃতিক অনুষ্ঠান"। উক্ত সাংস্কৃতিক অনুষ্ঠানে গান ও নৃত্যানুষ্ঠান বিষয়ে সংগীত বিভাগ, থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ এবং নৃত্যকলা বিভাগের চেয়ারম্যানবৃন্দ মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন) ও মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়কে ১০ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে অবহিত করবেন। অনুষ্ঠানটি সমন্বয় করবেন সংগীত বিভাগের চেয়ারম্যান এবং প্রয়োজনবোধে তিনি আরও সদস্য কো-অপট করে নিতে পারবেন। |

Scanned with CamScanner

# যানবাহনের ব্যবস্থা নিম্নরূপ হবে :

| | হল/প্রতিষ্ঠানের নাম | ১৪-১২-২০২৪ | ১৬-১২-২০২৪ |
|---|---|---|---|
| ১. | সলিমুল্লাহ মুসলিম হল | ১ টি বাস | ১টি বাস |
| ২. | ড. মুহম্মদ শহীদুল্লাহ হল | ১ টি বাস | ১টি বাস |
| ৩. | জগন্নাথ হল | ১ টি বাস | ১টি বাস |
| ৪. | ফজলুল হক মুসলিম হল | ১ টি বাস | ১টি বাস |
| ৫. | শহিদ সার্জেন্ট জহুরুল হক হল | ১ টি বাস | ১টি বাস |
| ৬. | রোকেয়া হল | ১ টি বাস | ১টি বাস |
| ৭. | সূর্যসেন হল | ১ টি বাস | ১টি বাস |
| ৮. | হাজী মুহম্মদ মুহসীন হল | ১ টি বাস | ১টি বাস |
| ৯. | শামসুন নাহার হল | ১ টি বাস | ১টি বাস |
| ১০. | কবি জসীম উদ্‌দীন হল | ১ টি বাস | ১টি বাস |
| ১১. | স্যার এ এফ রহমান হল | ১ টি বাস | ১টি বাস |
| ১২. | জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল | ১ টি বাস | ১টি বাস |
| ১৩. | মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল | ১ টি বাস | ১টি বাস |
| ১৪. | বাংলাদেশ কুয়েত-মৈত্রী হল | ১ টি বাস | ১টি বাস |
| ১৫. | স্যার পি জে হার্টগ ইন্টারন্যাশনাল হল | ১ টি বাস | ১টি বাস |
| ১৬. | বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল | ১ টি বাস | ১টি বাস |
| ১৭. | অমর একুশে হল | ১ টি বাস | ১টি বাস |
| ১৮. | কবি সুফিয়া কামাল হল | ১ টি বাস | ১টি বাস |
| ১৯. | বিজয় একাত্তর হল | ১ টি বাস | ১ টি বাস |
| ২০. | নবাব ফয়জুন্নেসা চৌধুরানী ছাত্রীনিবাস | ১ টি বাস | ১ টি বাস |
| ২১. | আইবিএ হোস্টেল | ১ টি মিনিবাস | ১ টি মিনিবাস |
| ২২. | প্রক্টর অফিস (সহকারী প্রক্টরবৃন্দ) | ১ টি মাইক্রোবাস | ১ টি মাইক্রোবাস |
| ২৩. | লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউট | ১ টি বাস | ১ টি বাস |
| ২৪. | ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন | ১ টি মাইক্রোবাস | ১ টি মাইক্রোবাস |
| ২৫. | ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন | ১ টি বাস | ১টি বাস |
| ২৬. | ঢাকা বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতি | ১ টি বাস | ১টি বাস |
| ২৭. | ঢাকা বিশ্ববিদ্যালয় কারিগরী কর্মচারী সমিতি | ১ টি বাস | ১টি বাস |
| ২৮. | ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়ন | ১ টি বাস | ১টি বাস |
| ২৯. | ছাত্রদের জন্য অতিরিক্ত | ২ টি বাস | ২টি বাস |
| ৩০. | মুক্তিযোদ্ধা প্রাতিষ্ঠানিক ইউনিট কমান্ড | ১ টি মিনিবাস | ১টি মিনিবাস |
| ৩১. | ঢাকা বিশ্ববিদ্যালয় শহিদ পরিবার কল্যাণ সমিতি | ১ টি বিশ্ববিদ্যালয় বাস | ১টি বিশ্ববিদ্যালয় বাস |
| ৩২. | স্বেচ্ছাসেবক টিম | ১ টি বিশ্ববিদ্যালয় বাস | ১টি বিশ্ববিদ্যালয় বাস |

১৪ এবং ১৬ ডিসেম্বর ২০২৪ তারিখের কর্মসূচির জন্য যানবাহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন পরিবহন ম্যানেজার। ১৬ ডিসেম্বর ২০২৪ মহান বিজয় দিবসে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের উদ্দেশ্যে হলের ছাত্র-ছাত্রীদের জন্য যদি অতিরিক্ত গাড়ির প্রয়োজন হয় তবে সংশ্লিষ্ট হলের প্রাধ্যক্ষ যথাসময়ে পরিবহন ম্যানেজার-কে অবহিত করলে তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**বিশেষ দ্রষ্টব্য :**

| (১) শহিদ বুদ্ধিজীবী দিবসের ব্যানার হবে | (২) মহান বিজয় দিবসের ব্যানার হবে |
|---|---|
| কালো কাপড়ের উপর সাদা রঙের লেখা :<br>(বিশ্ববিদ্যালয়ের মনোগ্রাম)<br>শহিদ বুদ্ধিজীবী দিবস<br>.............................হল/সংগঠনের নাম<br>ঢাকা বিশ্ববিদ্যালয়<br>(ব্যানারের পরিমাপ: ৯ ফুট × ৩ ফুট) | লাল কাপড়ের উপর সাদা রঙের লেখা :<br>(বিশ্ববিদ্যালয়ের মনোগ্রাম)<br>মহান বিজয় দিবস<br>.............................হল/সংগঠনের নাম<br>ঢাকা বিশ্ববিদ্যালয়<br>(ব্যানারের পরিমাপ: ৯ ফুট × ৩ ফুট) |

ব্যানারের ডিজাইনের সফট কপি যথাসময়ে সংশ্লিষ্টদের নিকট প্রেরণ করা হবে।

(৩) হলসমূহে বাস পাঠানো হলেও সকল বাস একসাথে অপরাজেয় বাংলার পাদদেশ হতে যাত্রা করবে।

(৪) উক্ত কর্মসূচিসমূহে অংশগ্রহণের জন্য ছাত্র-শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে অনুরোধ করা যাচ্ছে।

(৫) শহিদ বুদ্ধিজীবী দিবস এবং মহান বিজয় দিবসের কর্মসূচি উপলক্ষে যথাসময়ে অপরাজেয় বাংলা, বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র প্রাঙ্গণে অন্যান্য ভাস্কর্যসমূহসহ উক্ত চত্বর এবং বিশ্ববিদ্যালয় এলাকায় নির্মিত সকল স্মৃতিসৌধ পরিষ্কার পরিচ্ছন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী ও এস্টেট ম্যানেজার-কে অনুরোধ করা হলো।

(৬) ১৫-১২-২০২৪ এবং ১৬-১২-২০২৪ তারিখে সন্ধ্যা থেকে কলা ভবন, কার্জন হল, ছাত্র-শিক্ষক কেন্দ্র ও স্মৃতি চিরন্তন-এ আলোকসজ্জার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন প্রধান প্রকৌশলী। ১৪ ডিসেম্বর ২০২৪ তারিখ কোন আলোকসজ্জা থাকবে না। অনুষদ/হল/বিভাগ/ইনস্টিটিউট/অন্যান্যরা চাইলে নিজস্ব ব্যবস্থাপনায় আলোকসজ্জা করতে পারবে।

(৭) ১৬-১২-২০২৪ তারিখে ছাত্র-শিক্ষক কেন্দ্রে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাঁধন-এর সভাপতি ও সাধারণ সম্পাদক-কে অনুরোধ করা হলো।

(৮) আবাসিক হলসমূহে প্রাধ্যক্ষ কর্তৃক শহিদ বুদ্ধিজীবী ও মহান স্বাধীনতা যুদ্ধের চিত্র প্রদর্শনী /চলচ্চিত্র প্রদর্শনী /প্রামাণ্য চিত্র প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(৯) শহিদ বুদ্ধিজীবী দিবস (১৪-১২-২০২৪) এবং মহান বিজয় দিবস (১৬-১২-২০২৪) উপলক্ষে বিশ্ববিদ্যালয় এলাকায় বিভিন্ন স্থানে, জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের সময় ও আলোচনা সভায় ছাত্র-শিক্ষক কেন্দ্রে শৃঙ্খলা রক্ষার্থে প্রয়োজনীয় সংখ্যক বি এন সি সি, রোভার স্কাউট ও রেঞ্জার ইউনিট সদস্য রাখার ব্যবস্থা গ্রহণের জন্য প্রক্টর, ঢা: বি: এবং কন্টিনজেন্ট কমান্ডার, বিএনসিসি, ঢাকা বিশ্ববিদ্যালয় কন্টিনজেন্ট-কে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/- ০৮/১২/২০২৪

(অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচ.ডি)
উপাচার্য
ঢাকা বিশ্ববিদ্যালয়

com-1/E/Eunus/ 14,16 December/14,16 December 2024/ Circular 2024

Scanned with CamScanner